Time Taken

14:47

Mark Gained

1.“একটি ধানের শিষের উপর একটি শিশির বিন্দু” : রচয়িতা কে?

a. দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

b. কাজী নজরুল

c. রবীন্দ্রনাথ ঠাকুর

d. জীবনানন্দ দাশ

Explanation:
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর।

2.রবীন্দ্রনাথ ঠাকুর কাকে 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেন?

a. ক) অতুলপ্রসাদ সেন

b. খ) ডি. এল. রায়

c. গ) রামপ্রসাদ সেন

d. ঘ) বিহারীলাল চক্রবর্তী ✓

Explanation:
উত্তর: বিহারীলাল চক্রবর্তী।

ব্যাখ্যা:
- বাংলা সাহিত্যের প্রথম গীতিকবি হিসেবে তিনি সুপরিচিত বিহারীলাল চক্রবর্তী।

- তাঁদের আদি পারিবারিক পদবি ছিল ‘চট্টোপাধ্যায়’।

- রবীন্দ্রনাথ তাকে বাঙলা গীতি কাব্য-ধারার 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেন।

3.কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা নয় কোনটি?

a. ক) লাঙ্গল

b. খ) নবযুগ

c. গ) সওগাত ✔

d. ঘ) ধূমকেতু

Explanation:
উত্তর: সওগাত।

ব্যাখ্যা:
কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা:
- 'ধূমকেতু' ১৯২২ সালে প্রকাশিত হয়।

- ‘লাঙ্গল’ (১৯২৫) পত্রিকার প্রধান পরিচালক ছিলেন কাজী নজরুল ইসলাম, এটি ১৯২৫ সালে প্রকাশিত হয়।

- 'দৈনিক নবযুগ' পত্রিকাটি কাজী নজরুল ইসলাম কমরেড মুজাফ্ফর আহমদ এর সাথে যৌথভাবে সম্পাদনা করেন ।

অন্যদিকে, সওগাত (১৯২৮) পত্রিকার সম্পাদক - মোহাম্মদ নাসিরউদ্দীন

4.রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস কোনটি?

a. ক) যোগাযোগ

b. খ) চার-অধ্যায় ✅

c. গ) মালঞ্চ

d. ঘ) মুক্তধারা

Explanation:
উত্তর: চার-অধ্যায়।

ব্যাখ্যা:
- 'চার-অধ্যায়' রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস।

- অসহযোগ আন্দোলনের পর বাংলায় নতুন করে যে হিংসাত্মক বিপ্লব প্রচেষ্টা দেখা দিয়েছিল, এই উপন্যাসে তাঁর তত্ত্ববিশ্লেষণ ও নিরপেক্ষ মূল্য নির্ধারণের চেষ্টা আছে।

- উল্লেখযোগ্য চরিত্র: অতীন, এলা, ইন্দ্রনাথ।

5.'বাঁধন-হারা' কোন জাতীয় রচনা?

a. ক) প্রবন্ধ

b. খ) নৃত্যনাট্য

c. গ) কাব্যগ্রন্থ

d. ঘ) পত্রোপন্যাস ✅

Explanation:
উত্তর: পত্রোপন্যাস।

ব্যাখ্যা: - কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস ‘বাঁধন-হারা' (১৯২৭)।

- এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস।

- এটি ১৯২১ সালে 'মোস্‌লেম ভারত' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

- উপন্যাসের নায়ক নুরু।

- অন্যান্য চরিত্রের মধ্যে রয়েছে - রবিউল, রাবেয়া, সোফিয়া, মাহবুবা প্রমুখ।

6.কাজী নজরুল ইসলাম 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করেন?

a. ক) নেতাজি সুভাষচন্দ্র বসু

b. খ) চিত্তরঞ্জন দাশ

c. গ) বারীন্দ্রকুমার ঘোষ ✓

d. ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

Explanation:
উত্তর: বারীন্দ্রকুমার ঘোষ।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলামের 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থটি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করেন।

- এটি তাঁর প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ।

- কাব্যগ্রন্থের প্রথম কবিতা 'প্রলয়োল্লাস'।

- বিখ্যাত 'বিদ্রোহী' কবিতাটি এ কাব্যগ্রন্থের অন্তর্গত।

7.সরকার কর্তৃক নিষিদ্ধ কাজী নজরুল ইসলামের প্রথম গ্রন্থ কোনটি?

a. ক) যুগবাণী ✓

b. খ) ভাঙারগান

c. গ) প্রলয়শিখা

d. ঘ) চন্দ্রবিন্দু

Explanation:
উত্তর: যুগবাণী।

ব্যাখ্যা:
- ১৯২২ থেকে ১৯৩১ সাল পর্যন্ত কাজী নজরুল ইসলামের মোট ৫টি গ্রন্থ নিষিদ্ধ হয়।

- গ্রন্থগুলো হচ্ছে - যুগবাণী, বিষের বাঁশি, ভাঙ্গার গান, প্রলয় শিখা ও চন্দ্রবিন্দু।

- নজরুলের প্রথম যে বইটি নিষিদ্ধ হয় তার নাম 'যুগবাণী'।

- প্রথম নিষিদ্ধ হওয়া কাব্যগ্রন্থ - বিষের বাঁশি।

- অগ্নিবীণা কাব্যগ্রন্থটি কখনো নিষিদ্ধ হয় নি।

8.রবীন্দ্রনাথ ঠাকুরের বিজ্ঞান বিষয়ক গ্রন্থ কোনটি?

a. ক) সভ্যতার সংকট

b. খ) ল্যাবরেটরি

c. গ) বিশ্বপরিচয়

d. ঘ) কঙ্কাল

Explanation:
উত্তর: বিশ্বপরিচয়।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুরের বিজ্ঞান বিষয়ক গ্রন্থ 'বিশ্বপরিচয়' (১৯৩৭)।

- মূলত কিশোর-কিশোরীদের জন্য রচিত হলেও বয়স্কদের উপভোগ্য।

অন্যদিকে, - 'ল্যাবরেটরি' নরনারীর মনস্তত্ত্ব নিয়ে রচিত রবীন্দ্রনাথের বুদ্ধিদীপ্ত ছোটগল্প।

- 'কঙ্কাল' রবীন্দ্রনাথের অতিপ্রাকৃত রসে রচিত ছোটগল্প।

- 'সভ্যতার সংকট' রবীন্দ্রনাথের প্রবন্ধ।

9.কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত রচনা কোনটি?

a. ক) মুক্তি

b. খ) বাউণ্ডুলের আত্মকাহিনী

c. গ) তুর্কি মহিলার ঘোমটা খোলা

d. ঘ) ঝিলিমিলি

Explanation:
উত্তর: বাউণ্ডুলের আত্মকাহিনী।

ব্যাখ্যা:
- তাঁর প্রথম প্রকাশিত রচনা বাউণ্ডেলের আত্মকাহিনী।

- তাঁর প্রথম প্রকাশিত গ্রন্থ ব্যথার দান।

- তাঁর প্রথম প্রকাশিত কবিতা মুক্তি।

- তাঁর প্রথম প্রকাশিত গল্প বাউণ্ডেলের আত্মকাহিনী।

- তাঁর প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ অগ্নিবীণা।

- তাঁর প্রথম প্রকাশিত উপন্যাস বাঁধন হারা।

- তাঁর প্রথম প্রকাশিত প্রবন্ধ তুর্ক মহিলার ঘোমটা খোলা।

- তাঁর প্রথম প্রকাশিত নাটক ঝিলিমিলি।

10.রবীন্দ্রনাথ ঠাকুরকে কোন বিশ্ববিদ্যালয় ডি-লিট উপাধি দেয়?

a. ক) ঢাকা বিশ্ববিদ্যালয়

b. খ) কলকাতা বিশ্ববিদ্যালয়

c. গ) অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়

d. ঘ) উপরের সবগুলো

Explanation:
উত্তর: উপরের সবগুলো।

ব্যাখ্যা:
- ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রবীন্দ্রনাথ ঠাকুরকে ১৯৩৬ সালে 'ডি-লিট' ডিগ্রি দেয়া হয়।

- কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে রবীন্দ্রনাথ ঠাকুরকে ১৯১৩ সালের ২৬ ডিসেম্বর 'ডি-লিট' ডিগ্রি দেয়া হয়।

- ১৯৪০ সালের ৭-ই আগস্ট অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় তাকে 'ডি-লিট' ডিগ্রি প্রদান করেন।

- ১৯১৩ সালের নভেম্বর মাসে রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরষ্কার লাভ করেন।

- ১৯১৫ সালের ৩রা জুন ব্রিটিশ সরকার তাকে নাইটহুড বা 'স্যার' উপাধি প্রদান করেন।

11."মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ" উক্তিটি কোন গ্রন্থে পাওয়া যায়?

a. ক) মানুষের ধর্ম

b. খ) কালান্তর

c. গ) সভ্যতার সংকট

d. ঘ) পঞ্চভূত

Explanation:
উত্তর: কালান্তর।

ব্যাখ্যা:
- "মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ" উক্তিটি পাওয়া যায় রবীন্দ্রনাথ ঠাকুরের 'সভ্যতার সংকট' প্রবন্ধে।

- "সভ্যতার সংকট" প্রবন্ধটি "কালান্তর" প্রবন্ধগ্রন্থের অন্তর্গত ছিলো।

- তাই এই প্রশ্নের ক্ষেত্রে সঠিক উত্তর - খ) কালান্তর।

- প্রশ্নে প্রবন্ধের কথা উল্লেখ থাকলে উত্তর হবে ‘সভ্যতার সংকট’ আর গ্রন্থের কথা বললে উত্তর হবে ‘কালান্তর’।।

- রবীন্দ্রনাথের ১২৫তম জন্মদিনে বিশ্বভারতী থেকে "কালান্তর" এর যে নতুন সংস্করণ প্রকাশিত হয় এতে ৭টি প্রবন্ধ বাদ দেওয়া হয় যার মধ্যে 'সভ্যতার সংকট' অন্যতম।

- তবে নতুন কোনো গ্রন্থে সভ্যতার সংকট প্রবন্ধটি সংযোচিত করা হয় নি।

12.'The journey of the Magi’ কবিতার রবীন্দ্রনাথকৃত অনূদিত রুপ কোনটি?

a. তীর্থযাত্রী ✅

b. পুনশ্চ

c. জীবনদেবতা

d. বাঁশী

Explanation:
উত্তর: তীর্থযাত্রী।

ব্যাখ্যা: - রবীন্দ্রনাথ ঠাকুরের তীর্থযাত্রী কবিতাটি মূলত T.S Elliot এর ' The journey of the magi' বাংলা অনুবাদ।

13.'অপর্ণা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের নায়িকা?

a. বিসর্জন

b. চিত্রাঙ্গদা

c. রক্তকরবী

d. রাজা ও রাণী

Explanation:
উত্তর: বিসর্জন।

ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক ও চরিত্র:
১. বিসর্জন - অপর্ণা, রঘুপতি, জয়সিংহ, গুনবতী, গোবিন্দমাণিক্য।

২. রক্তকরবী - নন্দিনী, কিশোর, রঞ্জন।

৩. চিত্রাঙ্গদা - চিত্রাঙ্গদা, অর্জুন।

৪. রাজা - রাজা, ঠাকুরদা।

14.নিচের কোনটি কাজী নজরুল ইসলামের প্রবন্ধ?

a. পুতুলের বিয়ে

b. রুদ্র মঙ্গল ✔

c. রিক্তের বেদন

d. উপরের সবগুলোই

Explanation:
উত্তর: রুদ্র মঙ্গল।

ব্যাখ্যা:
কাজী নজরুল ইসলামের প্রবন্ধসমূহ:
১. যুগবাণী ( প্রথম নিষিদ্ধ প্রবন্ধ)। ২. রুদ্র মঙ্গল। ৩. রাজবন্দীর জবানবন্দী। ৪. দুর্দিনের যাত্রী। ৫. ধূমকেতু। ৬. আমি সৈনিক।

15.কোনটি রবীন্দ্রনাথের সৃষ্ট চরিত্র?

a. মহেশ

b. মৃন্ময়ী ✔

c. গফুর

d. মনোরমা

Explanation:
উত্তর: মৃন্ময়ী।

ব্যাখ্যা:
- 'মৃন্ময়ী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ছোটোগল্প সমাপ্তির চরিত্র।

অন্যদিকে,
- 'মহেশ' শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত ছোটোগল্প। চরিত্র: মহেশ, গফুর, আমেনা।

- মনোরমা - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'মৃণালিনী' উপন্যাসের চরিত্র।

16.'জীবনস্মৃতি' কার আত্মজীবনী?

a. রবীন্দ্রনাথ ঠাকুর ✓

b. বুদ্ধদেব বসু

c. সৈয়দ মুজতবা আলী

d. রজনীকান্ত সেন

Explanation:
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর।

ব্যাখ্যা:
রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মকথামূলক রচনা:
১.জীবনস্মৃতি। ২. ছেলেবেলা। ৩. আত্মপরিচয়। ৪. চরিত্রপূজা। ৫. পঞ্চভূতের ডায়েরি।

17.কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?

a. মৃত্যুক্ষুধা ✓

b. আলেয়া

c. ঝিলিমিলি

d. মধুমালা

Explanation:
উত্তর: মৃত্যুক্ষুধা।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস ৩ টি। ১. বাঁধনহারা (বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস, ১৮ টি পত্র)। - চরিত্র: নুরুল হুদা, রাবেয়া, মাহবুবা, সাহসিকা।

২. মৃত্যুক্ষুধা (শ্রেষ্ঠ উপন্যাস)। - চরিত্র: রুবি, আনসার, মোয়াজ্জেম, মেঝবৌ।

৩. কুহেলিকা। - চরিত্র: জাহাঙ্গীর, তাহমিনা, চম্পা, ফেরদৌস।।

18.নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ নয়?

a. পুনশ্চ

b. সেজুতি

c. ফাল্গুনী ✓

d. ক্ষণিকা

Explanation:
উত্তর: ফাল্গুনী।

ব্যাখ্যা: - 'ফাল্গুনী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক।

- চরিত্র: অন্ধ বাউল।

19.নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী?

a. জীবনস্মৃতি

b. ছেলেবেলা

c. আত্মপরিচয়

d. সবগুলোই

Explanation:
উত্তর: সবগুলোই।

ব্যাখ্যা:
রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মকথামূলক প্রবন্ধ:
১.জীবনস্মৃতি। ২. ছেলেবেলা। ৩. আত্মপরিচয়। ৪. চরিত্রপূজা। ৫. পঞ্চভূতের ডায়েরি।

20.রবীন্দ্রনাথ ঠাকুরের কোনটি ছোট গল্পধর্মী উপন্যাস?

a. মালঞ্চ

b. চার অধ্যায়

c. যোগাযোগ

d. চতুরঙ্গ

Explanation:
উত্তর: চতুরঙ্গ।

ব্যাখ্যা: - চতুরঙ্গ: ছোটগল্পধর্মী সামাজিক মনস্তাত্ত্বিক উপন্যাস।

- চরিত্র: শচীন, দামিনী, শ্রীবিলাস, জ্যাঠামশাই।

21.'উলঝলুল' কাজী নজরুল ইসলামের কোন রচনার চরিত্র?

a. কুহেলিকা

b. বাঁধন-হারা

c. পদ্মগোখরা

d. শিউলিমালা

Explanation:
উত্তর: কুহেলিকা।

ব্যাখ্যা: - কুহেলিকা সশস্ত্র বিপ্লবের পটভূমিতে রচিত।

- চরিত্র: জাহাঙ্গীর, তাহমিনা, চম্পা, ফেরদৌস।

- জাহাঙ্গীরকে সবাই উলঝলুল বলে ডাকত।

- উলঝলুল উর্দু শব্দ, অর্থ - বিশৃঙ্খল, এলোমেলো।

22.কাজী নজরুলের প্রথম প্রকাশিত নাটক কোনটি?

a. পুতুলের বিয়ে

b. মধুমালা

c. ঝিলিমিলি

d. আলেয়া

Explanation:
উত্তর: ঝিলিমিলি।

ব্যাখ্যা:
- প্রথম প্রকাশিত রচনা বা গল্প - বাউণ্ডেলের আত্মকাহিনী।

- কবিতা - মুক্তি।

- কাব্যগ্রন্থ - অগ্নিবীণা (১৯২২ সালে প্রকাশিত)।

- প্রবন্ধ - তুর্ক মহিলার ঘোমটা খোলা।

- প্রবন্ধগ্রন্থ - যুগবাণী।

- গ্রন্থ/গল্পগ্রন্থ - ব্যথার দান (১৯২২ সালে প্রকাশিত)।

- উপন্যাস: বাঁধনহারা।

23.কাজী নজরুল ইসলাম কোন সনে মৃত্যুবরণ করেন?

a. 1382

b. 1383

c. 1384

d. 1386

Explanation:
উত্তর: ১৩৮৩।

ব্যাখ্যা:
কাজী নজরুল ইসলাম:
- জন্ম: ২৪ মে ১৮৯৯। বাংলায়: ১১ জৈষ্ঠ্য ১৩০৬ বঙাব্দ।

- মৃত্যু: ১৯৭৬ সালের ২৯ আগস্ট। বাংলায়: ১২ ভাদ্র, ১৩৮৩ বঙ্গাব্দ।

- ডাকনাম: দুখু মিয়া।

- ছদ্মনাম: ধুমকেতু, কহলন মিশ্র, সারথি, রুপকার, বনবুলবুল, পাইয়োনিয়ার।

24.কাজী নজরুল ইসলামকে নিয়ে কোন দেশে চলচ্চিত্র নির্মাণ করা হয়?

a. যুক্তরাজ্য

b. যুক্তরাষ্ট্র

c. কানাডা ✅

d. ভারত

Explanation:
উত্তর: কানাডা।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলামকে নিয়ে কানাডায় চলচ্চিত্র নির্মাণ করেন- ফিলিপস স্পারেল।

- চলচ্চিত্রের নাম- নজরুল।

- কাজী নজরুল ইসলাম প্রথম মুসলিম চলচ্চিত্রকার।

- নজরুল পরিচালিত চলচ্চিত্র- ধূপছায়া।

- নজরুল অভিনীত চলচ্চিত্র- ধ্রুব।

- এই চলচ্চিত্রে তিনি নারদের ভূমিকায় অভিনয় করেন।

25.নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'দুইবোন' উপন্যাসের চরিত্র নয়?

a. উর্মিলা

b. শশাঙ্ক

c. শর্মিলা

d. সাবিত্রী ✅

Explanation:
উত্তর: সাবিত্রী।

ব্যাখ্যা: - 'দুই বোন' রবীন্দ্রনাথের একটি সামাজিক উপন্যাস।

- এখানে ত্রিভুজ প্রেমের সম্পর্ক আলোচিত হয়েছে।

- চরিত্র: শর্মিলা, উর্মিলা, শশাঙ্ক।

26.কাজী নজরুলের প্রথম প্রকাশিত গল্পগ্রন্থ?

a. শিউলিমালা

b. রিক্তের বেদন

c. ব্যথার দান ✓

d. পদ্মগোখরা

Explanation:
উত্তর: ব্যথার দান।

27.কাজী নজরুল ইসলামকে ভারতের নিম্নোক্ত জাতীয় পদক প্রদান করা হয়?

a. ভারতরত্ন

b. পদ্মশ্রী

c. পদ্মবিভূষণ

d. পদ্মভূষণ ✓

Explanation:
উত্তর: পদ্মভূষণ।

ব্যাখ্যা:
- কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক - জগত্তারিণী পুরস্কার।

- ভারত সরকার কর্তৃক - পদ্মভূষণ পদক।

- রবীন্দ্রভারতী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে - ডি লিট।

- বাংলাদেশ সরকার কর্তৃক একুশে পদক ( ১৯৭৬)।

28.কাজী নজরুল ইসলাম তার কোন কবিতায় কালাপাহাড়কে স্মরণ করেছেন ?

a. পূর্ণ-অভিনন্দন

b. মানুষ ✓

c. আনন্দময়ীর আগমনে

d. বিদ্রোহী ✗

Explanation:
উত্তর: মানুষ।

ব্যাখ্যা: - 'মানুষ' কবিতাটি 'সাম্যবাদী' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত।।

- এখানে কবি কালাপাহাড়কে প্রচলিত ধর্ম ও সংস্কার-বিদ্বেষী ছিলেন বলে স্মরণ করেন।

অন্যদিকে,
- পূর্ণ অভিনন্দন - 'ভাঙার গান' কাব্য। বঙ্গবন্ধু 'জয় বাংলা' শ্লোগানটি এই কবিতার লাইন থেকে গ্রহণ করেন।

- আনন্দময়ীর আগমনে - এ কবিতা প্রকাশের জন্য কবির ১ বছরের জেল হয়।

- 'বিদ্রোহী' কবিতাটি 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের ২য় কবিতা।

29.'আমি জাহান্নামের আগুনে বসিয়া হাসি পুষ্পের হাসি' কোনটির অন্তর্ভূক্ত?

a. বীরাঙ্গনা

b. ধুমকেতু

c. বিদ্রোহী

d. শিখা

Explanation:
উত্তর: বিদ্রোহী।

ব্যাখ্যা:
- 'বিদ্রোহী' - অগ্নিবীণা কাব্যগ্রন্থের ২য় কবিতা।

30.কাজী নজরুল ইসলামের ডাকনাম নয়___

a. দুখু মিয়া

b. তারা ক্ষ্যাপা

c. নজর আলী

d. ধূমকেতু

Explanation:
উত্তর: ধূমকেতু।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলামের ডাকনাম: দুখু মিয়া, তারা ক্ষ্যাপা, নজর আলী, নুরু।

- কাজী নজরুল ইসলামের ছদ্মনাম: ধুমকেতু, কহলন মিশ্র, সারথি, রুপকার, বনবুলবুল, পাইনোরিয়ার।

31.রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সমাজসমস্যামূলক ছোটগল্প কোনটি?

a. ক) কঙ্কাল

b. খ) রবিবার

c. গ) শেষকথা

d. ঘ) যজ্ঞেশ্বরের যজ্ঞ

Explanation:
উত্তর: যজ্ঞেশ্বরের যজ্ঞ।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত চারটি অতিপ্রাকৃত গল্প: ক্ষুধিত পাষাণ, নিশীথে, মণিহার, কঙ্কাল।

- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত আধুনিক মনস্তত্ত্ব নিয়ে ছোটগল্প: রবিবার, শেষকথা, ল্যাবরেটরি।

- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সমাজসমস্যামূলক ছোটগল্প: দেনাপাওনা, রামকানাইয়ের নির্বুদ্ধিতা, যজ্ঞেশ্বরের যজ্ঞ, অনধিকার প্রবেশ।

32.'ললিতা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন উপন্যাসের চরিত্র?

a. ক) ঘরে-বাইরে

b. খ) যোগাযোগ

c. গ) গোরা

d. ঘ) নৌকাডুবি

Explanation:
উত্তর: গোরা।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুরের 'গোরা' উপন্যাসটি অনেকের মতে তার শ্রেষ্ঠ উপন্যাস যা ১৯১০ সালে প্রকাশিত হয়।

- ঊনবিংশ শতাব্দীর শেষভাগের ধর্মান্দোলন, স্বদেশপ্রেম এবং নারীমুক্তিচিন্তার পটভূমিকায় এই আখ্যান গড়ে উঠেছে।

- এই উপন্যাসের নায়ক 'গোরা' সিপাহি বিপ্লবের সময় নিহত এক আইরিশ দম্পতির সন্তান।

- এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র: গোরা, পরেশবাবু, সুচুরিতা, পানবাবু, ললিতা, বিনয়, বরদা সুন্দরী, কৃষ্ণদয়াল, আনন্দময়ী প্রমুখ।

33.ধর্মান্দোলন, স্বদেশপ্রেম, এবং নারীমুক্তি চিন্তার পটভূমিকায় কোন উপন্যাসটি রচিত?

a. যোগাযোগ

b. চার অধ্যায়

c. গোরা

d. মালঞ্চ

Explanation:
উত্তর: গোরা।

ব্যাখ্যা:
- গোরা (১৯১০) রবীন্দ্রনাথ ঠাকুরের বৃহত্তম ও রাজনৈতিক উপন্যাস।

- ধর্মান্দোলন, স্বদেশপ্রেম, এবং নারীমুক্তি চিন্তার পটভূমিকায় এই উপন্যাসটি লেখা হয়েছে।

- উপন্যাসটির চরিত্র: গোরা, সুচরিতা, কৃষ্ণদয়াল, আনন্দময়ী।

- উপন্যাসের বিষয়বস্তু হলো ‘ব্যক্তির সঙ্গে সমাজের, সমাজের সঙ্গে ধর্মের, ধর্মের সঙ্গে সত্যের বিরোধ ও সমন্বয়’।

34.একটি বোবা মেয়ের করুণ কাহিনির ছবি অঙ্কিত হয়েছে কোন ছোটগল্পে?

a. সুভা ✓

b. নিশীতে

c. দুরাশা

d. শাস্তি

Explanation:
উত্তর: সুভা।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুরের একটি ছোটগল্প 'সুভা'।

- ‘সুভা’ গল্পটিতে একটি বোবা মেয়ের করুণ কাহিনির ছবি অঙ্কিত হয়েছে।

35.'সুভা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি -

a. ক) কাব্য

b. খ) নাটক

c. গ) উপন্যাস

d. ঘ) ছোটগল্প ✓

Explanation:
উত্তর: ছোটগল্প।

36.‘দেনাপাওনা’ ছোটগল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত?

a. লিপিকা

b. গল্পগুচ্ছ ✓

c. তিন সঙ্গী

d. গল্পসল্প

Explanation:
উত্তর: গল্পগুচ্ছ।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পগুচ্ছ থেকে 'দেনাপাওনা' গল্পটি সংকলিত হয়েছে।

- 'দেনাপাওনা' বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্প।

- এই গল্পে রবীন্দ্রনাথ ঠাকুর অত্যন্ত সংবেদনশীল দৃষ্টিভঙ্গিতে সমাজের প্রচলিত যৌতুক প্রথার মর্মান্তিক রূপ উপস্থাপন করেছেন।

37.রবীন্দ্রনাথ ঠাকুরের 'সে' কোন ধরনের রচনা?

a. উপন্যাস

b. গল্পগ্রন্থ

c. ছোটগল্প

d. প্রবন্ধ

Explanation:
উত্তর: গল্পগ্রন্থ।

ব্যাখ্যা:
- 'সে'- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গল্পগ্রন্থ।

- এটি ১৯৩৭ সালে প্রকাশিত হয়।

- উদ্ভট ও অদ্ভুত, সম্ভব ও অসম্ভবের মিলনে গল্পগুলি গঠিত।

- রবীন্দ্রনাথের লেখা 'খাপছাড়া' ও 'ছড়ার ছবি'র কবিতার সঙ্গে এ গল্পগুলির যোগ সহজে লক্ষণীয়।

38.রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সর্বশেষ উপন্যাস কোনটি?

a. চার অধ্যায় ✓

b. মালঞ্চ

c. চোখের বালি

d. নৌকাডুবি

Explanation:
উত্তর: চার অধ্যায়।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সর্বশেষ উপন্যাস চার অধ্যায়।

- এটি একটি রাজনৈতিক উপন্যাস।

- এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র: অতীন, এলা, ইন্দ্রনাথ।

- 'চার অধ্যায়' কাহিনির সঙ্গে রবীন্দ্রনাথের 'রবিরার' গল্পের সম্পর্ক রয়েছে।

39.'অমল' কোন নাটকের চরিত্র?

a. বিসর্জন

b. রক্তকরবী

c. তাসের দেশ

d. ডাকঘর

Explanation:
উত্তর: ডাকঘর।

ব্যাখ্যা:
- এটি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি রূপক সাংকেতিক নাটক।

- ঘরের মধ্যে বন্দি এক রুগ্ন বালক অমল এই নাটকের নায়ক।

- নাটকের চরিত্র গুলো হলো: অমল, মাধব দত্ত (অমলের পিতা), সুধা (মালির মেয়ে), ঠাকুরদাদা, দইওয়ালা, প্রহরী, কবিরাজ, রাজ।

40.'চিত্রাঙ্গদা' কোন ছন্দে রচিত?

a. মাত্রাবৃত্ত ছন্দ

b. অমিত্রাক্ষর ছন্দ

c. অক্ষরবৃত্ত ছন্দ

d. স্বরবৃত্ত ছন্দ

Explanation:
উত্তর: অমিত্রাক্ষর ছন্দ।

ব্যাখ্যা:
- এটি মণিপুর রাজকন্যা চিত্রাঙ্গদা ও অর্জুনের পৌরাণিক প্রনয় কাহিনি অবলম্বনে রচিত রবীন্দ্রনাথের একটি নাটক।

- এটি অমিত্রাক্ষর ছন্দে রচিত।

41.'বিসর্জন' নাটকে রবীন্দ্রনাথ কোন চরিত্রে অভিনয় করেন?

a. রঘুপতি ✓

b. গুণবতী

c. গোবিন্দমাণিক্য

d. অপর্ণা

Explanation:
উত্তর: রঘুপতি।

ব্যাখ্যা:
- 'বিসর্জন' রবীন্দ্রনাথ ঠাকুরের মঞ্চসফল এবং জনপ্রিয় নাটকগুলির মধ্যে অন্যতম।

- এই নাটকে রবীন্দ্রনাথ স্বয়ং নিজে প্রধান দুটি চরিত্র অভিনয় করেন।

- ১৮৯০-এ রঘুপতি, এবং ১৯২৩-এ জয়সিংহের ভূমিকায়।

- উল্লেখযোগ্য চরিত্র গুলো হলো: রঘুপতি, গুণবতী, গোবিন্দমাণিক্য, অপর্ণা, জয়সিংহ।

42.'তৈলচিত্রের ভূত' গল্পটি কার লেখা?

a. আবুল মনসুর আহমদ

b. আবু জাফর শামসুদ্দীন

c. শওকত ওসমান।

d. মানিক বন্দ্যোপাধ্যায় ✔

Explanation:
উত্তর: মানিক বন্দ্যোপাধ্যায়।

43.'ইন্দির ঠাকরুন, সর্বজয়া' চরিত্রের দেখা পাওয়া যায় কোন উপন্যাসে?

a. ক) আদর্শ হিন্দু হোটেল

b. খ) পথের পাঁচালী ✔

c. গ) নারীর মূল্য

d. ঘ) গৃহদাহ

Explanation:
উত্তর: পথের পাঁচালী

ব্যাখ্যা:

- 'ইন্দির ঠাকরুন, সর্বজয়া' চরিত্রের দেখা পাওয়া যায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসে।

- এই উপন্যাসের অন্যান্য মূল চরিত্র - অপু, দূর্গা।

- প্রকাশিত হয় ১৯২৯ সালে 'বিচিত্রা' পত্রিকায়।

- 'পথের পাঁচালী' উপন্যাসের দ্বিতীয় খণ্ড 'অপরাজিত।

44.এই খেদ মোর মনে,ভালোবেসে মিটল না আশ কুলাল না এ জীবনে। হায়! জীবন এত ছোট কেনে,এ ভুবনে?''- রচয়িতা?

a. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

b. সৈয়দ মুজতবা আলী

c. রবীন্দ্রনাথ ঠাকুর

d. কাজী মোতাহের হোসেন

Explanation:
উত্তর: তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

45.'কালো যদি মন্দ তবে, কেশ পাকিলে কান্দো কেনে'- কোন রচনা থেকে নেয়া হয়েছে?

a. পুতুল নাচের কথা

b. দেয়াল

c. শেষের কবিতা

d. কবি ✓

Explanation:
উত্তর: 'কবি' উপন্যাস থেকে নেওয়া হয়েছে।

46.এই খেদ মোর মনে,ভালোবেসে মিটল না আশ কুলাল না এ জীবনে। হায়! জীবন এত ছোট কেনে,এ ভুবনে?''- রচয়িতা?

a. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

b. সৈয়দ মুজতবা আলী

c. রবীন্দ্রনাথ ঠাকুর

d. কাজী মোতাহের হোসেন

Explanation:
উত্তর: তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

47.তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলোতে কোন অঞ্চলের চিত্র পাওয়া যায়?

a. ক) বঙ্গ

b. খ) গৌড়

c. গ) পুণ্ড্র

d. ঘ) রাঢ়

Explanation:
উত্তর: রাঢ়।

ব্যাখ্যা:
- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলোতে রাঢ় অঞ্চলের গ্রামীণ জীবনের সামাজিক ও অর্থনৈতিক বিপর্যয় নিপুণভাবে উপস্থাপিত হয়েছে।

- তাঁর রচিত অন্যান্য উপন্যাস: হাঁসুলী বাঁকের উপকথা, একটি কালো মেয়ের কথা, চৈতালি ঘূর্ণি, আরোগ্য নিকেতন, সপ্তপদী, কবি, পঞ্চগ্রাম, গণদেবতা, ধাত্রীদেবতা, জলসাঘর ইত্যাদি।

48.'হাঁসুলি বাঁকের উপকথা' কার লেখা?

a. শরৎচন্দ্র

b. মানিক বন্দ্যোপাধ্যায়

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ✔

d. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

Explanation:
উত্তর: তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

49.'বিচারক' উপন্যাসটির রচয়িতা কে?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ✔

d. আকবর হোসেন

Explanation:
উত্তর: তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

50.'ডাকহরকরা' গল্পটির রচয়িতা কে?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ✓

d. কাজী নজরুল

Explanation:
উত্তর: তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

ব্যাখ্যা:
- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় এর ছোটগল্প: রসকলি, বেদেনী, ডাকহরকরা, তারিণী মাঝি।

51.'মেঘমল্লার' গ্রন্থের রচয়িতা কে?

a. আখতারুজ্জামান ইলিয়াস

b. রবীন্দ্রনাথ ঠাকুর

c. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ✓

d. মুজতবা আলী

Explanation:
উত্তর: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

ব্যাখ্যা:
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় এর ছোটগল্প সংগ্রহ: মেঘমাল্লার, মৌরীফুল, যাত্রাবদল, কিণ্নর দল, পুঁইমাচা।

52.'পথের পাঁচালী' উপন্যাসের রচয়িতা কে?

a. প্যারীচাঁদ মিত্র

b. বনফুল

c. সত্যাজিৎ রায়

d. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

Explanation:
উত্তর: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

53.‘আরণ্যক' কার রচনা?

a. বুদ্ধদেব বসু

b. মানিক বন্দোপাধ্যায়

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

d. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

Explanation:
উত্তর: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

54.বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী'র প্রকাশকাল কত?

a. 1919

b. 1929

c. 1939

d. 1949

Explanation:
উত্তর: ১৯২৯।

55.দিবারাত্রির কাব্য একটি__

a. উপন্যাস

b. কবিতার বই

c. বাড়ির নাম

d. নাটক

Explanation:
উত্তর: উপন্যাস।

ব্যাখ্যা:
- 'দিবারাত্রির কাব্য' মানিক বন্দোপাধ্যায় রচিত একটি উপন্যাস।

56.'সমুদ্রের স্বাদ' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি__

a. কাব্যগ্রন্থ

b. গল্পগ্রন্থ

c. প্রবন্ধগ্রন্থ

d. উপন্যাস

Explanation:
উত্তর: গল্পগ্রন্থ।

57.'পদ্মানদীর মাঝি' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি__

a. উপন্যাস

b. ভ্রমণকাহিনি

c. রম্যরচনা

d. নাটক

Explanation:
উত্তর: উপন্যাস।

58.'জীবন এতো ছোট কেনো' কার উক্তি?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. হুমায়ূন আহমেদ

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

d. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

Explanation:
উত্তর: তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

59.'নিতাই' কোন উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র?

a. গণদেবতা

b. হাঁসুলী বাঁকের উপকথা

c. পুতুল নাচের ইতিকথা

d. কবি

Explanation:
উত্তর: কবি।

60.‘পদ্মানদীর মাঝি' উপন্যাসের উপজীব্য হলো কী?

a. চরবাসীদের দুঃখী জীবন

b. চাষি জীবনের করুণ চিত্র

c. জেলে জীবনের বিচিত্র সুখ-দুঃখ

d. মাঝি-মাল্লার সংগ্রামশীল জীবন

Explanation:
উত্তর: জেলে জীবনের বিচিত্র সুখ-দুঃখ।

ব্যাখ্যা:
- মানিক বন্দ্যোপাধ্যায়ের মনোসমীক্ষণমূলক উপন্যাস 'পদ্মা নদীর মাঝি' (১৯৩৬)।

- পদ্মার তীর সংলগ্ন কেতুপুর গ্রাম এবং তার আশে পাশের কয়েকটি গ্রামের মাঝি ও জেলেদের জীবনসংগ্রামের কাহিনিকে কেন্দ্র করে উপন্যাসটি রচিত হয়েছে।

- পদ্মা নদীর মাঝি উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র দরিদ্র মাঝি কুবের।

- কুবের বিবাহিত হলেও নায়িকা মূলত তার শ্যালিকা কপিলা।

- উপন্যাসের আরেকটি গুরুত্বপূর্ণ চরিত্র হোসেন মিয়া।

61.‘পুতুলনাচের ইতিকথা' একটি__

a. কাব্যগ্রন্থ

b. উপন্যাস

c. গীতিকাব্য

d. আত্মজীবনীমূলক গ্রন্থ

Explanation:
উত্তর: উপন্যাস।

ব্যাখ্যা:
- 'পুতুলনাচের ইতিকথা' মানিক বন্দোপাধ্যায় রচিত একটি উপন্যাস।

62.'ছোট বকুলপুরের যাত্রী' গ্রন্থটির রচয়িতা কে?

a. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

b. নারায়ণ গঙ্গোপাধ্যায়

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

d. মানিক বন্দ্যোপাধ্যায় ✓

Explanation:
উত্তর: মানিক বন্দ্যোপাধ্যায়।

63.'আত্মহত্যার অধিকার' কার লেখা?

a. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

b. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

c. মানিক বন্দ্যোপাধ্যায়

d. রবীন্দ্রনাথ ঠাকুর

Explanation:
উত্তর: মানিক বন্দ্যোপাধ্যায়।

ব্যাখ্যা:
- 'আত্মহত্যার অধিকার' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত গল্প।

- মানিক বন্দোপাধ্যায়ের গল্পগ্রন্থ: অতসী মামী ও অন্যান্য গল্প, প্রাগৈতিহাসিক, মিহি ও মোটা কাহিনি, সরীসৃপ, সমুদ্রের স্বাদ, পরিস্থিতি, ছোট বকুলপুরের যাত্রী।

64.তত্ত্ববোধিনী পত্রিকার সম্পাদক ছিলেন কে?

a. অক্ষয়কুমার বড়াল

b. দেবেন্দ্রনাথ ঠাকুর

c. ঈশ্বরচন্দ্র গুপ্ত

d. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

Explanation:
উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

ব্যাখ্যা:
- তৎকালীন উদার, বিজ্ঞানমনস্ক ও দেশ সচেতন পত্রিকা 'তত্ত্ববোধিনী পত্রিকা'।

- তত্ত্ববোধিনী পত্রিকা প্রকাশিত হয় ১৮৪৩ সালে।

- মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর পত্রিকাটির প্রতিষ্ঠিতা এবং অক্ষয়কুমার দত্ত ছিলেন এর সম্পাদক।

- তত্ত্ববোধিনী সভার মুখপত্র হিসেবে এই পত্রিকার প্রকাশ।

- অক্ষয়কুমার অবসর নিলে পত্রিকার সম্পাদক হন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

- অক্ষয়কুমারের সম্পাদনাকাল পত্রিকার স্বর্ণযুগ।

65.'বঙ্গদূত' পত্রিকাটি কত সালে প্রকাশিত হয়?

a. ১৮৩৯ সালে

b. ১৭৮০ সালে

c. ১৮৩৩ সালে

d. ১৮২৯ সালে

Explanation:
উত্তর: ১৮২৯ সালে।
ব্যাখ্যা:
- বঙ্গদূত পত্রিকাটি ১৮২৯ সালে নীলমণি হালদারের সম্পাদনায় প্রকাশিত হয়।

66.কোন পত্রিকাটি 'কল্লোল' পত্রিকা বিরোধী ছিল?

a. উত্তরা

b. কালিকলম

c. শনিবারের চিঠি ✓

d. পূর্বাশা

Explanation:
উত্তর: শনিবারের চিঠি।

67.বাংলা সাহিত্যের প্রথম পত্রসাহিত্য রচনা করেন কে?

a. ভারতচন্দ্র রায় ✗

b. আলাওল

c. শাহ মুহম্মদ সগীর

d. রামরাম বসু ✓

Explanation:
উত্তর: রামরাম বসু।

ব্যাখ্যা:
- রামরাম বসু বাংলা গদ্যসাহিত্যের আদি লেখকদের একজন।

- তিনি 'কেরী সাহেবের মুন্সী' নামেও পরিচিত।

- তার রচিত 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' বাঙালির লেখা প্রথম বাংলা মৌলিক গদ্যগ্রন্থ ও ছাপাখানায় মুদ্রিত প্রথম বই।

- লিপিমালা তার একটি গদ্যগ্রন্থ।

68.কবিগান জনপ্রিয় করার পেছনে কোন পত্রিকার অবদান বেশি?

a. গ্রামবার্তা প্রকাশিকা

b. সংবাদ প্রভাকর

c. লোকায়ত

d. সবুজপত্র

Explanation:
উত্তর: সংবাদ প্রভাকর।

ব্যাখ্যা: - সংবাদ প্রভাকর ছিল ঈশ্বরচন্দ্র গুপ্ত কর্তৃক প্রতিষ্ঠিত একটি দৈনিক বাংলা সংবাদপত্র।

- ১৮৩১ সালে একটি সাপ্তাহিক সংবাদপত্র হিসেবে এটি চালু হয় এবং আট বছর পর ১৮৩৯ সালে এটি একটি দৈনিক সংবাদপত্রে রূপান্তরিত হয়।

- এটিই বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্র।

69.শেখ আবদুর রহিম কর্তৃক প্রকাশিত পত্রিকা নয়?

a. মিহির

b. হাফেজ

c. সুধাকর

d. কোহিনুর

Explanation:
উত্তর: কোহিনুর।

ব্যাখ্যা:
- কোহিনূর ছিল ব্রিটিশ ভারতের একটি বাংলা মাসিক পত্রিকা।

- মোহাম্মদ রওশন আলী চৌধুরী ছিলেন পত্রিকার সম্পাদক।

70.'সীমান্তের চিঠি' নামক ভ্রমণকাহিনীর লেখক কে?

a. নূরুল মোমেন

b. সানাউল হক

c. ইব্রাহিম খলিল

d. জাফর ইকবাল

Explanation:
উত্তর: ইব্রাহিম খলিল।

71.মোহাম্মদ নাসিরউদ্দীন সম্পাদিত পত্রিকার নাম কী?

a. সওগাত

b. আঙ্গুর

c. কোহিনূর

d. মোহাম্মদী

Explanation:
উত্তর: সওগাত।

ব্যাখ্যা:
মোহাম্মাদি - মোহাম্মদ আকরাম খাঁ।

কোহিনূর - রওশন আলী, এয়াকুব আলি।

সওগাত - মোহাম্মদ নাসিরুদ্দিন।

72.'বাঙ্গাল গেজেট' পত্রিকাটির সম্পাদক ছিলেন কে?

a. জেমস অগাস্টাস হিকি

b. জন ক্লার্ক মার্শম্যান

c. কৃষ্ণচন্দ্র মজুমদার

d. গঙ্গাকিশোর ভট্টাচার্য

Explanation:
উত্তর: গঙ্গাকিশোর ভট্টাচার্য।

ব্যাখ্যা:
- গঙ্গাকিশোর ভট্টাচার্য সম্পাদিত বাঙ্গাল গেজেট নামের বাংলা ভাষায় মুদ্রিত সাপ্তাহিক পত্রিকাটি প্রথম বাংলা সংবাদপত্র বলে অনুমিত হয়।

- পত্রিকাটি ১৮১৮ খ্রিষ্টাব্দের ১৫ই মে প্রথম প্রকাশিত হয়েছিল।

73.‘ঢাকা প্রকাশ’ সাপ্তাহিক পত্রিকাটির সম্পাদক কে?

a. কৃষ্ণচন্দ্র মজুমদার ✓

b. রামানন্দ চট্টোপাধ্যায়

c. শামসুর রাহমান

d. আবু জাফর

Explanation:
উত্তর: কৃষ্ণচন্দ্র মজুমদার।

74.বাংলার মফস্বল থেকে প্রকাশিত প্রথম সংবাদপত্র-

a. ক) বঙ্গদর্শন

b. খ) রংপুর বার্তাবহ

c. গ) ঢাকা প্রকাশ

d. ঘ) গ্রামবার্তা প্রকাশিকা

Explanation:
উত্তর: গ্রামবার্তা প্রকাশিকা।

ব্যাখ্যা:
- ১৮৬৩ সালে হরিনাথ মজুমদারের সম্পাদনায় প্রথম প্রকাশিত হয় 'গ্রামবার্তা প্রকাশিকা' পত্রিকা।
- এটি বাংলার মফস্বল থেকে প্রকাশিত প্রথম সংবাদপত্র।

75.বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্রের নাম কী?

a. ক) দিগদর্শন

b. খ) সমাচার দর্পণ

c. গ) সম্বাদ কৌমুদী

d. ঘ) সম্বাদ প্রভাকর ✓

Explanation:
উত্তর: সম্বাদ প্রভাকর।

ব্যাখ্যা:
- 'সম্বাদ প্রভাকর' বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা।

- সাপ্তাহিক সংবাদপত্র হিসেবে ১৮৩১ সালে ২৮ জানুয়ারি কলকাতা থেকে প্রকাশিত হয়।

- কবি ঈশ্বরচন্দ্র ছিলেন এর সম্পাদক।

- এই পত্রিকা ১৮৩৯ সালের ১৪ জুন দৈনিক সংবাদপত্র হিসেবে প্রকাশিত হয়ে ইতিহাস সৃষ্টি করে।

76.'মাসিক মোহাম্মদী' কোন সালে প্রকাশিত হয়?

a. ১৯২৬ সালে

b. ১৯২৭ সালে ✓

c. ১৯২৮ সালে

d. ১৯২৯ সালে

Explanation:
উত্তর: ১৯২৭ সালে।

ব্যাখ্যা:
- ১৯০৩ খ্রিষ্টাব্দের আগষ্ট মাসে মোহাম্মদ আকরাম খাঁ-এর সম্পাদনায় কলকাতা থেকে এই পত্রিকাটি প্রথম প্রকাশিত হয়।

- কিছুদিন এই পত্রিকার প্রকাশনা বন্ধ হয়ে যাওয়ার পর ১৯২৭ খ্রিষ্টাব্দ থেকে এই পত্রিকাটি পুনরায় প্রকাশিত হতে থাকে।

77.'মোসলেম ভারত' নামক সাহিত্য পত্রিকার সম্পাদক ছিলেন?

a. মীর মশাররফ হোসেন

b. মুন্সী মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ

c. মোজাম্মেল হক

d. রেয়াজুদ্দীন আহমদ মাশহাদী

Explanation:
উত্তর: মোজাম্মেল হক।

ব্যাখ্যা:
- মোসলেম ভারত মাসিক সাহিত্য সাময়িকী হিসেবে ১৯২০ সালে কলকাতা থেকে প্রকাশিত হয়।

- পত্রিকার সম্পাদক হিসেবে শান্তিপুরের কবি মোহাম্মদ মোজাম্মেল হকের নাম মুদ্রিত হলেও প্রকৃতপক্ষে এর যাবতীয় কর্মকান্ড পরিচালিত হতো তাঁর পুত্র এবং নির্বাহী সম্পাদক আফজালুল হক কর্তৃক।

- পত্রিকার প্রতি সংখ্যার প্রথম পাতার শীর্ষে রবীন্দ্রনাথের একটি বাণী সংকলিত হতো এবং তা হলো: 'মানব-সংসারে জ্ঞানালোকের দিয়ালি-উৎসব চলিতেছে।

78.'মুকুল' নামে ছোটদের জন্য প্রকাশিত ম্যাগাজিনের সম্পাদক কে ছিলেন?

a. ক) গোলাম মোস্তফা

b. খ) লুৎফর রহমান

c. গ) আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন।

d. ঘ) ফররুখ আহমদ

Explanation:
উত্তর: আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন।

ব্যাখ্যা:
- 'মুকুল' নামে ছোটদের ম্যাগাজিনের সম্পাদনার দায়িত্ব পালন করেছেন আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন।

- বাংলা ভাষায় বিজ্ঞান শিক্ষা প্রদানের ক্ষেত্রে আল-মুতী শরফুদ্দিনের অবদান অসামান্য।

- তিনি এদেশে বিজ্ঞানকে ছোটদের মধ্যে জনপ্রিয় করার পথিকৃৎ।

তার রচিত উল্লেখযোগ্য বইগুলির মধ্যে রয়েছে
- বিজ্ঞান ও মানুষ,
- এ যুগের বিজ্ঞান,
- বিপন্ন পরিবেশ,
- বিজ্ঞান-জিজ্ঞাসা।

79.শিখা পত্রিকা প্রকাশিত হয় কত সালে?

a. ক) ১৯২৩

b. খ) ১৯২৫

c. গ) ১৯২৬

d. ঘ) ১৯২৭

Explanation:
উত্তর: ১৯২৭ সালে।

ব্যাখ্যা:
- ১৯২৬ সালে ঢাকায় প্রতিষ্ঠিত 'সাহিত্য-সমাজ'

- পরে সংগঠনটির নামকরণ করা হয় 'মুসলিম সাহিত্য-সমাজ'

- এ প্রতিষ্ঠানের স্লোগান ছিল: 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব' . - জ্ঞানের শিখা জ্বালাবার জন্য সংগঠনটি ১৯২৭ সালে 'শিখা' নামে একটি বার্ষিক মুখপত্র প্রকাশ করে।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ও বাণিজ্য বিভাগের অধ্যাপক আবুল হুসেন ছিলেন শিখা পত্রিকার প্রথম সংখ্যার সম্পাদক।

- শিখা বছরে একবার প্রকাশিত হত।

80.কাজী নজরুল ইসলামের প্রতিষ্ঠা ও বিকাশে প্রধান সহায়ক ছিল কোন পত্রিকা?

a. ক) মোসলেম ভারত

b. খ) সওগাত

c. গ) ধূমকেতু

d. ঘ) সাম্যবাদী

Explanation:
উত্তর: মোসলেম ভারত।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলামের প্রতিষ্ঠা ও বিকাশে প্রধান সহায়ক ছিলো 'মোসলেম ভারত' পত্রিকা।

- কবি মোহাম্মদ মোজাম্মেল হকের সম্পাদনায় মাসিক 'মোসলেম ভারত' পত্রিকা প্রকাশিত হয়।

- রবীন্দ্রনাথের বাণী পত্রিকাটির প্রতিটি সংখ্যার সূচনাতে মুদ্রিত হতো।

- নজরুলের কামাল পাশা, মোহররম, শাত-ইল-আরব, বিদ্রোহী, বাঁধন হারা ইত্যাদি নানা ধরনের লেখা এই পত্রিকায় প্রকাশিত হত।

81.'কবিতা' পত্রিকার সম্পাদনার সাথে যুক্ত ছিলেন না কে?

a. ক) বুদ্ধদেব বসু

b. খ) বিষ্ণু দে

c. গ) প্রেমেন্দ্র মিত্র

d. ঘ) সমর সেন

Explanation:
উত্তর: বিষ্ণু দে।

ব্যাখ্যা:
- বুদ্ধদেব বসু, প্রেমেন্দ্র মিত্র, সমর সেন এই তিন কবি 'কবিতা' পত্রিকার সূচনা পর্বের সম্পাদনা সূত্রে সাথে যুক্ত ছিলেন।

- পরবর্তীতে দীর্ঘকাল বুদ্ধদেব বসুই 'কবিতা' পত্রিকা সম্পাদনা করেন।

- এ পত্রিকায় শুধু কবিতা ও কবিতা বিষয়ক গদ্য ছাপা হতো।

82.বাংলাদেশের 'প্রগতি লেখক ও শিল্পী সংঘ' এর মুখপত্র ছিল কোন পত্রিকা?

a. ক) প্রগতি

b. খ) পরিচয়

c. গ) পূর্বাশা

d. ঘ) ক্রান্তি ✓

Explanation:
উত্তর: ক্রান্তি।

ব্যাখ্যা:
- বাংলাদেশে প্রগতিশীল আন্দোলনের প্রথম পর্যায়ের পত্রিকা 'ক্রান্তি'।

- ঢাকায় ১৯৩৯ সালে গঠিত হয় 'প্রগতি লেখক ও শিল্পী সংঘ'।

- এই সংঘের মুখপত্র হিসেবে 'ক্রান্তি' পত্রিকা প্রকাশ হয়।

- ১৯৪৭ সালের আগে হলেও এই পত্রিকার মাধ্যমেই তৎকালীন পূর্ববাংলা, পরে পূর্ব পাকিস্তানের প্রগতিশীল চিন্তা চেতনার বীজ অঙ্কুরিত ও পল্লবিত হয়।

83.'ক্রান্তি' পত্রিকার সম্পাদক ছিলেন-

a. ক) সুধীন্দ্রনাথ দত্ত

b. খ) অজিতকুমার দত্ত

c. গ) রণেশ দাশগুপ্ত

d. ঘ) সত্যেন্দ্রনাথ মজুমদার

Explanation:
উত্তর: রণেশ দাশগুপ্ত।

ব্যাখ্যা:
- ‘ক্রান্তি’ পত্রিকা ১৯৪০ সালে ঢাকা থেকে প্রকাশিত হয়।

- এটি ঢাকার প্রগতি লেখক সংঘের মুখপত্র।

- এর প্রথম সংখ্যার সম্পাদক ছিলেন রণেশ দাশগুপ্ত।

অন্যদিকে, - 'অরণি' সত্যেন্দ্রনাথ মজুমদার সম্পাদিত কলকাতা থেকে প্রকাশিত সাপ্তাহিক পত্রিকা।

- 'পরিচয়’ পত্রিকাটি সুধীন্দ্রনাথ দত্তের সম্পাদনায় কলকাতা থেকে প্রকাশিত হতো।

- প্রগতি পত্রিকার সম্পাদক ছিলেন অজিতকুমার দত্ত।

84.'কল্লোল' পত্রিকা প্রকাশিত হয়-

a. ক) ১৯১৮ সালে

b. খ) ১৯২০ সালে

c. গ) ১৯২৩ সালে

d. ঘ) ১৯২৭ সালে

Explanation:
উত্তর: ১৯২৩ সালে।

ব্যাখ্যা:
- 'কল্লোল' একটি প্রভাবশালী সাময়িক পত্র ছিল।

- এটি ১৯২৩ সালে প্রথম প্রকাশিত হয়।

- এর সম্পাদক ছিলেন দীনেশরঞ্জন দাশ।

85.বাংলা ভাষার প্রথম সাময়িক পত্র-

a. ক) তত্ত্ববোধিনী

b. খ) দিগ্‌দর্শন

c. গ) সংবাদ প্রভাকর

d. ঘ) বঙ্গদর্শন

Explanation:
উত্তর: দিগ্‌দর্শন।

ব্যাখ্যা:
- 'দিগ্‌দর্শন' বাংলা ভাষার প্রথম সাময়িক পত্র।

- এটি সংবাদপত্র ছিল না।

- নীতিধর্ম, ইতিহাস, সাহিত্য ও বিজ্ঞান বিষয়ক মাসিক সাময়িক পত্র।

- এর প্রথম সংখ্যাটি ১৮১৮ সালের এপ্রিল মাসে শ্রীরামপুর মিশন থেকে জর্জ ক্লার্ক মার্শম্যানের সম্পাদনায় প্রকাশিত হয়।

- দিগ্‌দর্শনের সর্বমোট ২৬টি সংখ্যা প্রকাশিত হয়।

86.'বিদ্রোহী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

a. মোসলেম ভারত

b. মোহাম্মদী

c. বিজলী

d. ধূমকেতু

87.কোনটি অমিয় চক্রবর্তী রচিত কাব্যগ্রন্থ?

a. চলো যাই

b. পথ অন্তহীন

c. পুরবাসী

d. এক মুঠো

88.‘মানুষের ধর্ম’ গ্রন্থটি কার রচনা?

a. অমিয় চক্রবর্তী

b. কাজী নজরুল ইসলাম

c. রবীন্দ্রনাথ ঠাকুর

d. মোতাহের হোসেন চৌধুরী

89.'খাপছাড়া' শিশুতোষ কাব্যগ্রন্থটি কার রচনা?

a. অমিয় চক্রবর্তী

b. রবীন্দ্রনাথ ঠাকুর

c. কাজী নজরুল ইসলাম

d. বিষ্ণু দে

90.'ধীরে বহে বুড়িগঙ্গা' গ্রন্থটির কে লিখেছেন?

a. অদ্বৈত মল্লবর্মণ

b. আলমগীর কবির

c. আনিসুজ্জামান

d. আবদুল গাফ্ফার চৌধুরী

91.'দৈনিক গণকণ্ঠ' পত্রিকার সম্পাদক ছিলেন -

a. আল মাহমুদ

b. কাজী আব্দুল ওদুদ

c. এস ওয়াজেদ আলি

d. মুনীর চৌধুরী

92.'জীবনক্ষুধা' - উপন্যাসটি কার লেখা?

a. আলাউদ্দিন আল আজাদ

b. আল মাহমুদ

c. আবুল মনসুর আহমদ

d. আবুল হুসেন

93.কোনটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত শিক্ষামূলক গ্রন্থ নয়?

a. ভ্রান্তিবিলাস

b. আখ্যান মঞ্জুরী

c. কথামালা

d. বোধোদয়

94. 'তিলোত্তমা' চরিত্রটি কার সৃষ্টি?

a. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

b. জহির রায়হান

c. সত্যজিৎ রায়

d. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

95.'কলমগীর' কোন কবির ছদ্মনাম?

a. সুকুমার রায়

b. সত্যেন্দ্রনাথ দত্ত

c. সুধীন্দ্রনাথ দত্ত

d. সুকান্ত ভট্টাচার্য

96.'হরিণের হাড়'কাব্যগ্রন্থটি কার রচনা?

a. সৈয়দ শামসুল হক

b. শওকত ওসমান

c. শামসুর রাহমান

d. শামসুজ্জামান খান

97.‘পুঁই ডালিমের কাব্য’ গল্পগ্রন্থটির রচয়িতা কে?

a. শামসুদ্দীন আবুল কালাম

b. রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

c. সৈয়দ মুজতবা আলী

d. শহীদুল্লাহ কায়সার

98.‘বাতাসে লাশের গন্ধ’ বিখ্যাত কবিতাটি কার রচনা?

a. সেলিনা হোসেন

b. শামসুদ্দীন আবুল কালাম

c. রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

d. শওকত ওসমান

99.'কুলায় ও কালপুরুষ' প্রবন্ধগ্রন্থটির রচয়িতা কে?

a. সুকুমার রায়

b. সত্যেন্দ্রনাথ দত্ত

c. সুকান্ত ভট্টাচার্য

d. সুধীন্দ্রনাথ দত্ত

100.'উপদ্রুত উপকূল' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

a. সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

b. রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

c. আল মাহমুদ

d. সেলিম আল দীন

P2A

About

BPSC Link

Privacy Policy

Terms & Conditions

Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved